ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/কামিল(স্নাতকোত্তর) প্রা.পা/২০১৮/১৫১১৭ তারিখ: ১২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদরাসা, (MERUAKHOLA MOMINIA FADIL MADRASAH, EIIN: 129798) বিশ্বম্ভপুর, সুনামগঞ্জ -এর অধ্যক্ষ কর্তৃক আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩ (গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ ১৩ (ঙ) মোতাবেক ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনের তারিখ ২৭.০৮.২০২৫ খ্রিষ্টাব্দ থেকে ২৬.০৮.২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত নিম্নোক্ত শর্তে ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল -

**শর্তসমূহ:**

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ কার্যক্রম চালু হবে।
২. মাদরাসার সার্বিক নিরাপত্তার জন্য সি.সি. ক্যামেরার ব্যবস্থা করতে হবে।
৩. মাদরাসার শিক্ষক-কর্মচারীগণের নিয়মিত বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. মাদরাসায় হোস্টেল চালু করতে হবে এবং হোস্টেলে পড়ালেখার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে।
৫. মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ কম্পিউটার ল্যাব চালু করতে হবে।
৬. আরবি-বাংলা-ইংরেজি তিন ভাষায় মাদরাসার কক্ষসমূহের জন্য নেমপ্লেট তৈরি করতে হবে।
৭. শ্রেণিকক্ষে মূল আরবি কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে।
৮. সার্বিক বিষয়ে তদারকির জন্য মাদরাসায় অধ্যক্ষের আবাসনের ব্যবস্থা করতে হবে।
৯. সকল ক্রয়ে ক্রয় কমিটি, অডিট কমিটি ও গভর্নিং বডির অনুমোদন থাকতে হবে এবং কলামনার ক্যাশ বই হালনাগাদ থাকতে হবে।
১০. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সিলেবাসে উল্লিখিত রেফারেন্স বইসমূহের মূলকপি/পিডিএফ থেকে প্রিন্টেড কপি মাদরাসার লাইব্রেরিতে সংরক্ষণ করতে হবে।
১১. লাইব্রেরি বুক কোডিং অনুসরণ করে লাইব্রেরির বইগুলো সুশৃঙ্খলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে।
১২. মাদরাসার লাইব্রেরিতে শিক্ষক ও শিক্ষার্থীদের পড়ালেখার জন্য সময় নির্ধারণ করতে হবে এবং বই ইস্যু রেজিস্টারের যাবতীয় তথ্য হালনাগাদ করতে হবে।
১৩. শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য নিম্নোক্ত ক্লাবসমূহ গঠন করতে হবে: ক) Debate & Public Speaking Club খ) Language & Literacy Club [Arabic, English, Bangla] গ) Creative writing/Poetry Club ঘ) Art & Photography Club
১৪. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৭/৮/২৫
(মোঃ আইউব হোসেন)
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদরাসা
বিশ্বম্ভপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/কামিল(স্নাতকোত্তর) প্রা.পা/২০১৮/১৫১১৭ তারিখ: ১২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদরাসা, বিশ্বম্ভপুর, সুনামগঞ্জ।
৮। অফিস নথি।

27/08/25
(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর